ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৫৬১
ধর্মনগর,২৭ আগস্ট,২০২৫

**ধর্মনগরে দু'দিনব্যাপী কলা উৎসব শুরু**

বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে ধর্মনগরের বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে দু'দিনব্যাপী উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক কলা উৎসব শুরু হয়। উৎসবের উদ্বোধন করে উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সহকারী সভাধিপতি ভবতোষ দাস বলেন, কলা উৎসবের মধ্য দিয়ে ছাত্রছাত্রীদের প্রতিভার বিকাশ ঘটবে। পাশাপাশি বিভিন্ন কলাক্ষেত্রে ছাত্রছাত্রীরা অনুপ্রাণিত হবে। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন জেলা শিক্ষা আধিকারিক ফিরঞ্জন ত্রিপুরা, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহ-অধিকর্তা রিপন চাকমা, বরিষ্ঠ সাংবাদিক সমর চক্রবর্তী প্রমুখ। দু'দিনব্যাপী কলা উৎসবে জেলার বিভিন্ন বিদ্যালয়ের নবম থেকে দ্বাদশ শ্রেণির ৩০৭ জন ছাত্রছাত্রী নৃত্য, সংগীত, নাটক, চিত্র ও ভাস্কর্য ইত্যাদি ১২টি বিষয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। প্রতিটি প্রতিযোগিতায় প্রথম স্থানাধিকারী রাজ্যভিত্তিক কলা উৎসবে অংশগ্রহণ করবে।

*****